

Class – 1

Subject – 2nd Language Bengali

Chapter – গল্প – হাতি ও শেয়াল

গল্পের নাম – হাতি ও শেয়াল

গল্পের বিষয়বস্তু:-

হাতি ও শেয়াল গল্পটি একটি মজার গল্প।

বনে থাকা কয়েকজন শেয়াল অনেক দিন খাবার না পাওয়ায় তাদের শরীর শুকিয়ে কাঠ হয়ে গিয়েছিল। তাই তারা ভাবছিল যে কী করা যায়। এমন সময় তারা দেখতে পায় যে একটি হাতি দুলুতে দুলুতে আসছে। তখন তারা ভাবতে থাকে যদি হাতিটাকে মারা যেত তাহলে তাদের তিন-চার মাস হাতির মাংস খেয়ে ভালো ভাবে দিন চলে যেত।

শেয়ালদের মধ্যে সবচেয়ে ছোটো শেয়ালটি ছিল সবার থেকে বেশী চালাক। সে বলেছিল বাকি শেয়ালদের তোমরা ভেবো না, আমি ওই হাতিটাকে মারবই। এই কথা বলে ছোটো শেয়ালটি হাতিটার কাছে হাতজোড় করে বলে মহারাজ বনের সব পশুরা আপনাকে বনের রাজা করবে বলে ঠিক করেছে। তাই আমরা আপনাকে নিতে এসেছি।

ছোটো শেয়ালটির মুখে এই কথা শুনে হাতিটি খুব খুশী হয়ে যায় এবং সে ছোটো শেয়ালটির সাথে যেতে রাজিও হয়ে যায়। তখন ছোটো শেয়ালটি হাতিটিকে পথ দেখিয়ে বলে যে হুজুর আপনি এই পথ দিয়ে আসুন, আমি তাড়াতাড়ি বাকি সবাইকে গিয়ে বলি হুজুর আসছেন আর আপনার অভিষেকের আয়োজন করি।

এই বলে ছোটো শেয়ালটি এক জায়গায় লুকিয়ে যায় কিন্তু হাতিটি তার দেখানো পথ ধরে চলতে থাকে। হাতিটির চলার পথের মাঝখানে একটি কূপ বা কুয়ো ছিল। কূপটি ছোটো ছোটো গাছের ডালে বোঝাই করা ছিল। তাই সহজে পথের মাঝে কূপ আছে বলে বোঝা যাচ্ছিল না। সেই কারণে হাতিটির পা কূপে পড়ে যায়, পাকের ভিতরে।

হাতিটি তখন চঁচিয়ে বলে কে কোথা আছ বাঁচাও, বাঁচাও। তখন ছোটো শেয়ালটি দূর থেকে হাতিটিকে বলে, মহারাজ আমার লেজটি ধরে উঠে আসুন কিন্তু হাতিটি আর উঠতে পারে না, কূপের ভিতর পাঁকের মধ্যেই পড়ে থাকে।

Work Sheet

1. এককথায় উত্তর দাও:-

I) শেয়ালদের শরীর না খেয়ে থাকার জন্য কেমন হয়ে গিয়েছিল?

Ans: -

II) শেয়ালরা কাকে দুল্ভে দুল্ভে আসতে দেখতে পেয়েছিল?

Ans: -

III) শেয়ালদের মধ্যে কোন শেয়ালটি সবার থেকে বেশী চলাক ছিল?

Ans: -

IV) হাতিটি কোথায় পড়ে গিয়েছিল?

Ans: -

V) কূপটি কিসে ভরা ছিল?

Ans: -

2. সঠিক উত্তরে টিক্‌ চিহ্ন দাও:-

I) কে বেশী চলাক ছিল হাতি শেয়াল ।

II) রাজা হবে শুনে কে খুশী হয়ে ছিল শেয়াল হাতি ।

III) হাতিটি কোথায় পড়ে গিয়েছিল কূপে নদীতে ।

IV) হাতিটি চঁচিয়ে বলেছিল এবার ডুবে যাব কে কোথা আছ বাঁচাও, বাঁচাও ।

V) শেয়ালদের শরীর মোটা শুকিয়ে কাঠ হয়ে গিয়েছিল।
